

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)  
বিআরটিএ ভবন  
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।

## কুয়াশায় নিরাপদে গাড়ি চালনা সংক্রান্ত নির্দেশিকা

কুয়াশাতে চালকের দৃষ্টিসীমা কমে যায় বা দূরের জিনিস দেখা যায় না বিধায় শীতকালে সড়ক দুর্ঘটনার অন্যতম একটি কারণ ঘন কুয়াশা। কুয়াশায় নিরাপদে গাড়ি চালাতে মোটরযান চালক ও মালিকগণকে নিম্নবর্ণিত নিয়মাবলী মেনে চলার জন্য অনুরোধ করা হলো:

- কুয়াশায় দৃষ্টিসীমার মধ্যে থামানো যায় এমন নিয়ন্ত্রণ উপযোগী ধীর গতিতে সর্বদা নিরাপদ দূরত্ব বজায় রেখে রাস্তায় গাড়ি চালাতে হবে।
- সর্বদা “লো-বিম বা ডিপার” জ্বালিয়ে গাড়ি চালাতে হবে। “হাই-বিম বা আপার” কুয়াশাকে আরো বেশি ঘন করে বিধায় “হাই-বিম বা আপার” জ্বালিয়ে গাড়ি চালানো যাবে না।
- লেন পরিবর্তন/ওভারটেকিং করা যাবে না। যে সব স্থানে দৃষ্টি যায় না বা বাঁক নেয়ার আগে দেখা যায় না, সে সব স্থানে দরকার হলে বিপদ এড়ানোর জন্য হর্ন বাজাতে হবে।
- ঘন কুয়াশার কারণে একেবারেই দেখা না গেলে বা দৃষ্টিসীমা শূন্যের কোঠায় পৌঁছে গেলে নিরাপদ জায়গায় গাড়ি থামিয়ে হেডলাইট বন্ধ করে হাজার্ড লাইট জ্বালাতে হবে।

বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)

জি-২৫৮৭/২৩(৬৪৪)